

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নম্বরঃ ৪৭.৬২.০০০০.৪১১.২৯.০৬৪.১৬-৬৭৬

তারিখঃ ১৫/১০/২০১৯ খ্রি:

বিষয়: কু-ঋণ ব্যবস্থাপনা/ব্যবহার (সদাবিক) সহজিকরণ।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড গ্রাম ভিত্তিক কৃষক সমবায়ের মাধ্যমে গ্রামীণ দরিদ্রদের সংগঠিতকরণ এবং কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পুঞ্জির যোগানোর জন্য কৃষকদের বিভিন্ন ধরনের সেবা প্রদান করা হয়। এরই ধারাবাহিকতায় সরকারের রাজস্ব বাজেটের আওতায় গৃহিত ০৩ (তিন) টি কর্মসূচিকে একত্রিত করে 'সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক)' নামে বিআরডিবি'র সরেজমিন বিভাগের আওতায় একটি নিয়মিত কর্মসূচি হিসেবে পরিচালিত হয়ে আসছে। এ কর্মসূচির মাধ্যমে পল্লী এলাকার বিত্তহীন পুরুষ ও মহিলাদের অনানুষ্ঠানিক দলে সংগঠিত করে প্রাতিষ্ঠানিক কাঠামো সৃষ্টি এবং নিজেদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে সহায়ক পুঞ্জি গঠন, আয় বর্ধনমূলক কর্মকান্ডভিত্তিক ঋণ কার্যক্রম পরিচালনা, মানব সম্পদ উন্নয়ন ও পরিবেশ সংরক্ষণের বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। বর্তমানে কর্মসূচিটি বিআরডিবি আওতাধীন মাঠ পর্যায়ে সকল জেলার সকল উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। এ কর্মসূচি'র ঋণ পরিচালনার ক্ষেত্রে অন্যতম একটি সমস্যা হলো কু-ঋণের সঠিক ব্যবহার। কু-ঋণের সঠিক ব্যবস্থাপনা না থাকায় বিদ্যমান প্রক্রিয়ায় কু-ঋণ সেবা প্রাপ্তিতে গ্রাহকদের প্রত্যাশার চেয়ে কিছুটা দীর্ঘ প্রক্রিয়া অনুসরণ করতে যেয়ে বিলম্ব হয়। সহজে, দ্রুত এবং বিনা ভোগান্তিতে সেবা পৌঁছে দেয়ার অদম্য অভিলাষকে সামনে রেখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্পের সমন্বয়ে সেবা পদ্ধতি সহজিকরণের লক্ষ্যে একটি বাস্তব ভিত্তিক অনুশীলন সম্পন্ন হয়েছে। এ কার্যক্রমের মাধ্যমে কু-ঋণ ব্যবস্থাপনা/ব্যবহার (সদাবিক) প্রক্রিয়া আরও সহজে, যথাসময়ে এবং দ্রুত সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।


২। কু-ঋণ ব্যবস্থাপনা/ব্যবহার সংক্রান্ত সেবাটি সহজিকরণ ও বিআরডিবি'র মাঠ পর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণীয়ঃ

- স্মারক নং-৬৬৮৯, তারিখ: ১৮/০৭/২০১৯ খ্রি: মূলে জারিকৃত সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি 'সদাবিক' এর কু-ঋণ নীতিমালা যথাযথভাবে অনুসরণ;
- সদাবিক এর বিতরণকৃত ঋণের আদায়কৃত সেবামূল্যের নির্ধারিত অংশ (০.২৫%) দ্বারা গঠিত কু-ঋণ তহবিল নির্দেশনা অনুযায়ী পরিচালনা;
- কু-ঋণ খাতকে সঠিকভাবে চিহ্নিতকরণ;
- কু-ঋণ যাচাই কমিটি গঠন;
- উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এর নিকট ঋণ মওকুফের আবেদন;
- আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট সকল দলিলপত্র সংযোজন;
- কু-ঋণ আবেদন যাচাই-বাছাই পরবর্তী নির্ধারিত কমিটির নিকট প্রস্তাব আকারে উপস্থাপন;
- কু-ঋণের পরিমাণ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা হলে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক এবং এর বেশি হলে সদর দপ্তরের অনুমোদনক্রমে অফিস আদেশ জারি;
- অফিস আদেশ এর শর্তানুযায়ী উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা তা সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ এবং সংশ্লিষ্টদের পত্রের মাধ্যমে এ বিষয়ে অবহিত।

উপরোক্ত প্রক্রিয়া অনুসরণ করা হলে বিআরডিবি'র সদাবিক এর সুবিধাভোগীদের কু-ঋণ এর সঠিক ব্যবহার ও বিষয়টি দ্রুত নিষ্পত্তিতে সহায়ক হবে। সংশ্লিষ্ট সকলকে উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ক) কু-ঋণ ব্যবস্থাপনা/ব্যবহার (সদাবিক) সহজিকরণ সংক্রান্ত বুকলেট।

খ) সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি 'সদাবিক' এর কু-ঋণ নীতিমালা


মোঃ গিয়াস উদ্দিন আহমেদ
মহাপরিচালক (সচিব)
বিআরডিবি

বিতরণঃ

- ১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৪। যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৫। উপপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৬। উপপরিচালক (সকল), জেলাদপ্তর, বিআরডিবি, ঢাকা।
- ৭। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা। (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশ এবং তথ্য বাতায়নের সংশ্লিষ্ট সেবা বক্সে হালনাগাদের জন্য)।